# জমি / বাড়ি / ফ্ল্যাট



জমি / বাড়ি / ফ্ল্যাট/ দোকান / গ্যারেজ / অফিস - “কিনতে” অথবা “বিক্রি” করতে চাইলে যোগাযোগ করুন - 9062867921



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



## কবিতা / গল্প

নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 24 SEPTEMBER 2025 ,WEDNESDAY | ২৪ সেপ্টেম্বর ২০২৫ ,বুধবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-403


## আঞ্চলিক প্রভিডেন্ট ফান্ড কমিশনারকে পাঁচ দফা দাবিতে ডেপুটেশন দিলো সিটু আলিপুরদুয়ার জেলা কমিটি




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৩ সেপ্টেম্বর : সিটুর আলিপুরদুয়ার জেলা কমিটি মঙ্গলবার পাঁচদফা দাবিতে ডেপুটেশন দিল আঞ্চলিক প্রভিডেন্ট ফান্ড কমিশনারকে। সিটুর আলিপুরদুয়ার জেলা সম্পাদক বিদ্যুৎ গুন জানান এদিন সংগঠনের পক্ষ থেকে একটি প্রতিনিধি দল জলপাইগুড়িতে অবস্থিত আঞ্চলিক প্রভিডেন্ট ফান্ড কমিশনারের দপ্তরে যান ও কমিশনারকে পাঁচ দফা দাবিতে ডেপুটেশন দেন। দাবিগুলি হলো বিভিন্ন চা বাগানে শ্রমিক ককর্মচারীদের বেতন থেকে প্রভিডেন্ট ফান্ড এর টাকা প্রতিমাসে কেটে নিয়েও চা বাগান কর্তৃপক্ষ সেই টাকা প্রভিডেন্ট ফান্ড তহবিলে জমা দিচ্ছেনা সে বিষয়ে ব্যবস্থা গ্রহন, অবসরের পর অনেক শ্রমিক প্রভিডেন্ট ফান্ডের টাকা পাচ্ছেনা তা নিয়ে দ্রুত পদক্ষেপ গ্রহন, অনেক শ্রমিক পেনশন পাচ্ছেনা তাদের পেনশন এর ব্যবস্থা করা , অনেকের নাম পি এফ এ অন্তর্ভুক্ত নেই তাদের পি এফ এ নাম অন্তর্ভুক্ত করা। আঞ্চলিক কমিশনার ডেপুটেশন গ্রহন করে জানান বিষয়গুলি নিয়ে পদক্ষেপ গ্রহনের জন্য চিন্তা ভাবনা করা হবে।

## উদ্ধার আগ্নেয়াস্ত্র সহ গুলি,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ২৩ সেপ্টেম্বর : মুর্শিদাবাদ জেলা পুলিশের সাগরপাড়া থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে মঙ্গলবার দুপুরে থানা এলাকায় অভিযান চালিয়ে দুই ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক দুজনের হেফাজত থেকে উদ্ধার হয় দুটি আগ্নেয়াস্ত্র, একটি ম্যাগাজিন ও চার রাউন্ড গুলি। আটক ব্যক্তিদের গ্রেপ্তার করে উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করা হয়। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করা হয়েছে। ধৃতদের নাম ঠিকানা গোপন রেখে পুলিশ তদন্ত শুরু করেছে।

## দূর্গা পূজোর গাইড ম্যাপ প্রকাশ করলেন শিলিগুড়ির পুলিশ কমিশনার




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২৩ সেপ্টেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের পুলিশ কমিশনার সি সুধাকর মঙ্গলবার আনুষ্ঠানিকভাবে প্রকাশ করলেন শিলিগুড়ি শহরের দূর্গা পূজোর গাইড ম্যাপ। এদিন গাইড ম্যাপ প্রকাশ করে তিনি জানান শিলিগুড়িতে সাতশো পুজো হচ্ছে। এবার পুজো নির্বিঘ্নে সম্পন্ন করার লক্ষ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহন করা হয়েছে। দর্শনার্থীদের পুজো দর্শন যাতে নির্বিঘ্নে সম্পন্ন হয় সেদিকে লক্ষ্য রেখে পাঁচ হাজার পুজো বন্ধু নিযুক্ত করা হবে তাদের বিশেষ প্রশিক্ষন ও দেওয়া হয়েছে। বাড়িতে চুরি রুখতে বিশেষ নজরদারি চালানোর জন্য টহলদারি বাহিনি টহল দেবে। মহিলাদের নিরাপত্তার জন্য ও ইভ টিজিং রুখতে থাকবে উইনার্স টিম সহ বিশেষ টিম। শহরে দুহাজার পুলিশ মোতায়েন করা হবে ও দুজন এস পি পদ মর্যাদার অফিসারকে দায়িত্ব দেওয়া হবে। পুলিশ বুথ থাকবে। রাত্রে নাইট ভিশন ড্রোনের সাহায্যে চালানো হবে নৈশ কালীন নজরদারি। সকলকে শারদ শুভেচ্ছা জানিয়ে পুলিশ কমিশনার শারদ উৎসব শান্তিতে উদযাপনের পরামর্শ দেন।

## প্রত্যর্পন কর্মসূচিতে সাইবার প্রতারনার টাকা ফেরত সাত জন প্রতারিতকে




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ২৩ সেপ্টেম্বর : জলপাইগুড়ি সাইবার ক্রাইম থানার উদ্যোগে মঙ্গলবার আয়োজিত হয় প্রত্যর্পন কর্মসূচি। এই কর্মসূচিতে সাইবার প্রতারনার শিকার সাতজনকে ফেরত দেওয়া হয় ছয় লক্ষ চুরান্নব্বই হাজার টাকা। সাইবার ক্রাইম থানা সূত্রে জানানো হয় সাইবার প্রতারিতদের অভিযোগের ভিত্তিতে তদন্ত করে এই টাকা উদ্ধার করা হয় ও প্রতারিতদের ফেরত দেওয়া হয়। সেই সাথে সাইবার ক্রাইম বিষয়ে সকলকে সচেতন থাকার পরামর্শ দেওয়া হয়। উপস্থিত ছিলেন ডি এস পি ক্রাইম শান্তিনাথ পাঁজা, সাইবার ক্রাইম থানার আই সি বিক্রম থাপা সহ অন্যান্য আধিকারিকগন।

# পুলিশের উদ্যোগে নৌকা বাইচ প্রতিযোগিতা মালদহে



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ২৩ সেপ্টেম্বর : মালদহ জেলা পুলিশের গাজোল থানা ও বামনগোলা থানার যৌথ উদ্যোগে এবং গাজোল পঞ্চায়েত সমিতির সহায়তায় মঙ্গলবার ট্যাঙ্গন নদীতে আয়োজিত হয় এক প্রাক শারদ নৌকা বাইচ প্রতিযোগিতা। জানা গেছে স্থানীয় প্রথা অনুসারে দীর্ঘ চল্লিশ বছর ধরে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। বর্তমানে এই প্রতিযোগিতা এলাকার সার্বজনীন সামাজিক উৎসবের রূপ গ্রহন করেছে। প্রতিযোগিতা দেখতে প্রচুর মানুষ ভীড় জমান নদীর ধারে। উপস্থিত ছিলেন দুই থানার ভারপ্রাপ্ত আধিকারিক সহ পুলিশ কর্মী ও এলাকার বিশিষ্টজনেরা।

# মৃতদেহ উদ্ধার উদ্ধারে শোকের ছায়া




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ সেপ্টেম্বর : মঙ্গলবার কুমারগ্রাম ব্লকের বারবিশার পূর্ব চকচকায় রায়ডাক-২ নম্বর নদী থেকে এক যুবকের মৃতদেহ উদ্ধার হল। এদিন দুপুরে দেহ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠায় বারবিশা ফাঁড়ির পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতের নাম নূরজামাল মিঞা, বয়স ২৩। খোয়ারডাঙা-২ নম্বর গ্রাম পঞ্চায়েতের ছোট দলদলিতে তার বাড়ি। সোমবার দুপুরে ছোট দলদলি এলাকায় রায়ডাক-২ নম্বর নদীতে স্নান করতে নামে নূরজামাল। তখন সে নদীতে তলিয়ে যায়। সোমবার নূরজামালের কোনও খোঁজ মেলেনি। মঙ্গলবার সকালে তার দেহ পূর্ব চকচকায় রায়ডাক-২ নম্বর নদীতে ভাসতে দেখা যায়। বারবিশা ফাঁড়ির পুলিশ ঘটনাস্থল থেকে দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে। নূরজামালের অকালমৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে ছোট দলদলি গ্রামে। পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে।

# চা বাগান থেকে চা গাছ থেকে শুরু করে ছায়া গাছ কেটে নিয়ে যাচ্ছে কাঠ মাফিয়ারা



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার, ২৩ সেপ্টেম্বর : কোহিনুর চা বাগান থেকে ছায়া গাছ কাটা শুরু হয়েছে এমনটাই দেখা গেল ওই এলাকায় গিয়ে মঙ্গলবার বিকেল চারটে নাগাদ। তিন দিন আগে কোহিনুর চা বাগানের মালিক পক্ষে কোনরকম নোটিশ না দিয়ে রাতের অন্ধকারে পালিয়ে গেছে বাগান ছেড়ে তাদের বেতন না দিয়েই। বাগান কর্তৃপক্ষ বাগান ছেড়ে চলে যাওয়ার পরেই চা গাছ থেকে শুরু করে ছায়া গাছ কেটে নিয়ে যাচ্ছে কাঠ মাফিয়ারা। মঙ্গলবারেও বাগানে গিয়ে দেখা গেছে সোমবার গভীর রাতে একটি বড় ছায়া গাছ কেটে নিয়ে গেছে কাঠ মাফিয়ারা।

# প্রায় চার কেজি গাঁজা সমেত গ্রেফতার



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার, ২৩ সেপ্টেম্বর : দক্ষিণ শিব কাটা এলাকার বাসিন্দা জয়দেব দাস কে আদালতে তোলা হলে বিচারক তাকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন এমনটাই জানা গেছে শামুকতলা থানার পুলিশ সূত্রে মঙ্গলবার বিকেল সাড়ে চারটা নাগাদ। সোমবার গভীর রাতে প্রায় চার কেজি গাঁজা সমেত তাকে গ্রেফতার করা হয় তার বাড়ি থেকেই। গোপন খবরের ভিত্তিতে শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক তাকে গ্রেফতার করে ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে। মঙ্গলবার তাকে আদালতে তোলা হলে বিচারক তাকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন।

# পশ্চিম খলিসামারি এলাকায় আগুন লাগার ঘটনায় চাঞ্চল্য



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার, ২৩ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের পশ্চিম খলিসামারি এলাকায় আগুন লাগার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে মঙ্গলবারে বেলা দুটা নাগাদ। তবে আগুন লাগার ঘটনা নিয়ে রহস্য তৈরি হয়েছে। কিভাবে আগুন লেগেছে তা প্রকাশ হচ্ছে না । মঙ্গলবার বেলা দেড়টা নাগাদ হঠাৎই ভাটিবাড়ী ফাঁড়ির পুলিশের কাছে খবর আছে পশ্চিম খরিসামারি এলাকায় মরুগোপাল দাসের বাড়িতে আগুন লেগেছে। ঘটনার খবর পেয়েই ভাটিবাড়ী ফাঁড়ির পুলিশ ওই এলাকায় পৌঁছায়। খবর দেওয়া হয় আলিপুরদুয়ার দমকল বিভাগের কর্মীদের। দমকলের কর্মীরা এসে আগুন আয়ত্তে আনে তবে একটি ঘর পুড়ে ছাই হয়ে যায় আগেই। তবে এলাকার বাসিন্দা ও পুলিশ সূত্রে জানা গেছে ওই পরিবারে বাবা এবং ছেলে দুজনেই নেশা করে ।পশ্চিম খলিসামারী এলাকায় প্রচুর পরিমাণে গাঁজা চাষ হয়। ফলে বাড়িতে উৎপন্ন গাঁজা বিক্রির পাশাপাশি নিজেরাও নেশা করত গাঁজা টেনে। তবে আগুন লাগার ঘটনার পেছনে নেশাগ্রস্ত কোন ব্যক্তির হাত আছে কিনা তা নিয়ে তদন্ত শুরু হয়েছে পুলিশের।

# বাজেয়াপ্ত কোটি টাকার ব্রাউন সুগার, গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২৩ সেপ্টেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন মাটিগাড়া থানার অন্তর্গত নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ পুলিশ ফাঁড়ি ও শিলিগুড়ি পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ বিশ্বস্ত সূত্রে প্রাপ্ত খবরের ভিত্তিতে সোমবার রাতে মাটিগাড়া থানা এলাকার দিশান হাসপাতাল লাগোয়া এলাকায় সোমবার রাতে একটি চার চাকার ছোট গাড়ি আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে গাড়ি থেকে উদ্ধার হয় এক কেজি নশো ছেষট্টি গ্রাম ব্রাউন সুগার। গ্রেপ্তার করা হয় গাড়িতে থাকা দুই জনকে। ধৃতদের নাম মোহম্মদ সাদ্দাম হোসেন (৩২)ও হেমরাজ দেবনাথ (২৮)। সাদ্দাম হোসেন মালদহ জেলার কালিয়াচক থানার এবং হেমরাজ দার্জিলিং জেলার খড়িবাড়ি থানার বাসিন্দা। পুলিশ সূত্রে জানানো হয় গাড়ি সহ ব্রাউন সুগার বাজেয়াপ্ত ও দুজনের গ্রেপ্তারি পর্ব কঠোরভাবে এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে মঙ্গলবার আদালতে পাঠানো হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

# তিন প্রবেশ পথে বিশ্ব বাংলার লোগো সহ সুদৃশ্য তোরণ, সাজবে আলিপুরদুয়ার



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার, ২৩ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার:কয়েক মাস আগেই পরিকল্পনার কথা জানিয়েছিলেন পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর। এবার একেবারে নকশা তৈরী করে,টেন্ডার প্রক্রিয়া শুরুর আগে সাংবাদিকদের সামনে আলিপুরদুয়ার শহরের নতুন আকর্ষণ হতে চলা বিশ্ব বাংলা গেটের কথা জানালেন তিনি। মুখ্যমন্ত্রীর স্বপ্নের পর্যটনের জেলা আলিপুরদুয়ার। সেই আলিপুরদুয়ার শহর কে বাইরের পর্যটকদের সামনে আকর্ষণীয় করে তুলতে শহরের তিন প্রবেশ পথে বিশ্ব বাংলা লোগো সহ সুদৃশ্য তোরণ তৈরী করতে চলেছে আলিপুরদুয়ার পুরসভা। মঙ্গলবার ওই তিনটি তোরণের সুন্দর নকশা সকলের সম্মুখে প্রকাশ করা হয়। ওই তিনটি তোরণ এর মধ্যে একটি তৈরী হবে শহরের উত্তর দিকের প্রবেশ পথ দমকল কেন্দ্রের সামনে। দ্বিতীয় টি তৈরী হবে শহরের পশ্চিম প্রান্তে কালজানি নদীর সেতুর মুখে। এবং তৃতীয় তোরণটির জন্য জয়গা নির্ধারণ করা হয়েছে শহরের পূর্ব দিকের শোভাগঞ্জ এলাকায়। এই তিনটি তোরণ তৈরী করতে কত টাকা খরচ হবে তা এই মুহূর্তে জানাতে চান নি পুরসভার চেয়ারম্যান। এর পাশাপাশি শহরের সৌন্দর্যায়ন করতে শহরের ১৭ নম্বর ওয়ার্ডে একটি ঝিল সংস্কারের কাজ শুরু করেছে পুরসভা। সংস্কার কাজ শেষ হলে, সেটিরও সৌন্দর্যায়নের কাজ শুরু হবে। সেখানেও একটি বিশ্ব বাংলার লোগো লাগানো হবে। সঙ্গে থাকবে সুদৃশ্য আলোকসজ্জা। পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর জানান, ' পুরসভার নিজস্ব তাহবিলের টাকায় এই কাজ করা হবে। আগামীদিনে শহরের বাকি ঝিল গুলো সংস্কার করে সৌন্দর্যয়নের কাজও করা হবে। যাতে পর্যটকদের কাছে আকর্ষণীয় হয়ে ওঠে রাজ্যের প্রান্তিক জেলা শহর আলিপুরদুয়ার।''

# উদ্ধার প্রচুর ভুটানি মদ সহ একটি পিক আপ ভ্যান, তদন্তে আবগারি দপ্তর



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ , আলিপুরদুয়ার, ২৩ সেপ্টেম্বর : গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে মঙ্গলবার বীরপাড়ার তুলসীপাড়া নিউ লাইনে অভিযান চালায় আবগারি দপ্তর এর কর্মীরা। উদ্ধার হয় এক হাজার নশো লিটার ভুটানি মদ, যার মধ্যে রয়েছে বীয়ার, হুইস্কি ও রাম। উদ্ধার হয় একটি বোলেরো পিক আপ ভ্যান। আবগারি দপ্তর সূত্রে জানানো হয় ঘটনাস্থলের লাগোয়া একটি বাড়িতে আরও কিছু মদ মজুত রাখার খোঁজ পাওয়া গেছে। উদ্ধার করা মদের আনুমানিক বাজার মূল্য পয়ত্রিশ লক্ষ অষ্ট আশি হাজার টাকা। গাড়িতে থাকা কাগজপত্র খতিয়ে দেখা হচ্ছে। আবগারি দপ্তরের কর্মীদের অনুমান অভিযানের আঁচ পেয়ে পাচারকারি গাড়ি ও মদ ফেলে পালিয়েছে। তাদের ধারনা একাজ লঙ্কাপাড়া এলাকার পুরনো অপরাধী আর্য শর্মার, যার নাম পূর্বের বেশ কয়েকটি মামলায় রয়েছে। তদন্ত শুরু করেছে আবগারি দপ্তর এর কর্মীরা।

# উদ্ধার ৩৩ হাজার ৬০০টি নিষিদ্ধ নেশা ক্যাপসুল, গ্রেপ্তার মহিলা




মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার, ২৩ সেপ্টেম্বর : গোপন সূত্রে খবর পেয়ে ফালাকাটা থানার অন্তর্গত জটেশ্বর আউটপোস্টের পুলিশ ধুলাগাঁওয়ের মুন্ডাপাড়া এলাকায় অভিযান চালিয়ে মমতাজ সুলতানা নামে এক মহিলাকে গ্রেপ্তার করে। তাঁর বাড়ি থেকে উদ্ধার হয় ৩৩ হাজার ৬০০টি নিষিদ্ধ নেশা ক্যাপসুল। অভিযানের সময় ফালাকাটার বিডিও অনিক রায় উপস্থিত ছিলেন। ঘটনায় ওই মহিলা ও তাঁর স্বামীর বিরুদ্ধে এনডিপিএস আইনে মামলা রুজু করেছে পুলিশ।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |